বরিশাল সিটি কর্পোরেশন
নগর ভবন, বরিশাল
(প্রশাসনিক শাখা)
www.barishalcity.gov.bd

স্মারক নং- বিসিসি/প্র:জ:নি:নথি-১১/২৫- ১৮৩

তারিখঃ ১৭ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

## "পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখা'র ২৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১১.০০৩.১৯-৮৬৮ নং স্মারকের ছাড়পত্র অনুযায়ী বরিশাল সিটি কর্পোরেশনের অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী ০৮ (আট) টি ক্যাটাগরির ১২(বারো) টি পদে "বরিশাল সিটি কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা ২০১০" অনুসারে জনস্বার্থে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত পূরন সাপেক্ষে নিয়োগ প্রদানের লক্ষ্যে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

০২। বর্ণিত পদসমূহে ০৫ অক্টোবর ২০২৫ তারিখের বিসিসি/প্র:জ:নি:নথি-১১/২৫-৬১৫ নং স্মারক অনুযায়ী যেসকল আগ্রহী প্রার্থী ইতো:পূর্বে আবেদন দাখিল করেছেন তাদের জন্য পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

### শূন্য পদসমূহের বিবরণ

| ক্রম. | পদের নাম ও গ্রেড | শূণ্য পদের সংখ্যা | বেতন স্কেল (২০১৫ সনের জাতীয় বেতন স্কেল) | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | মেডিকেল অফিসার ৯ম গ্রেড | ০১ | ২২০০০-৫৩০৬০ | ৩২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান থেকে এম. বি. বি. এস ডিগ্রী। |
| ২. | রোড রোলার চালক ১৫তম গ্রেড | ০২ | ৯৭০০-২৩৪৯০ | ৩২ | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (খ) ভারী যানবাহন চালনার লাইসেন্স ; এবং (গ) ভারী যানবাহন চালনার অভিজ্ঞতা। |
| ৩. | গার্বেজ বক্স চালক ১৫তম গ্রেড | ০২ | ৯৭০০-২৩৪৯০ | ৩২ | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (খ) ভারী যানবাহন চালনার লাইসেন্স ; এবং (গ) ভারী যানবাহন চালনার অভিজ্ঞতা। |
| ৪. | গার্বেজ ট্রাক চালক ১৫তম গ্রেড | ০১ | ৯৭০০-২৩৪৯০ | ৩২ | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (খ) ভারী যানবাহন চালনার লাইসেন্স ; এবং (গ) ভারী যানবাহন চালনার অভিজ্ঞতা। |
| ৫. | গাড়ী চালক (হালকা) ১৬তম গ্রেড | ০৩ | ৯৩০০-২২৪৯০ | ৩২ | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) হালকা যানবাহন চালনার লাইসেন্স; এবং (গ) হালকা যানবাহন চালনার অভিজ্ঞতা। |
| ৬. | বৈদ্যুতিক মিস্ত্রী ১৬তম গ্রেড | ০১ | ৯৩০০-২২৪৯০ | ৩২ | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান থেকে ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স পাস। |
| ৭. | ক্যাশ সরকার ১৮তম গ্রেড | ০১ | ৮৮০০-২১৩১০ | ৩২ | কোন স্বীকৃত বোর্ড থেকে ব্যবসায় বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮. | লাইনম্যান ১৮তম গ্রেড | ০১ | ৮৮০০-২১৩১০ | ৩২ | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান থেকে ইলেকট্রিক্যাল বিষয়ে ট্রেড কোর্স পাস; এবং (গ) সংশ্লিষ্ট কাজে দুই বৎসরের অভিজ্ঞতা। |

### দরখাস্ত দাখিলের শর্তাবলী ঃ

০১। প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রশাসক, বরিশাল সিটি কর্পোরেশন বরাবর নির্ধারিত তথ্য সম্বলিত চাকরির দরখাস্ত আগামী ২১-০৫-২০২৬ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে। এর পাশাপাশি ২৪-০৫-২০২৬ তারিখের মধ্যে দরখাস্ত ও সকল প্রয়োজনীয় কাগজপত্রের স্ক্যান কপি (Scanned Copy) পিডিএফ (pdf) ফরম্যাটে ceo.bcc.gov.bd@gmail.com মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যে সকল প্রার্থী উভয় মাধ্যমে (সরাসরি ও ই-মেইল) দরখাস্ত ও প্রয়োজনীয় কাগজপত্রাদি নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে সক্ষম হবেন, কেবলমাত্র তাঁদের দরখাস্ত/আবেদন বিবেচনায় নেয়া হবে। নির্ধারিত তারিখের পরে কোন দরখাস্ত/আবেদন গ্রহণ করা হবে না।

০২। আগ্রহী প্রার্থীদের দরখাস্তে (ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স ০১-০৫-২০২৬ খ্রিস্টাব্দ তারিখে আবেদনকারীর বয়সসীমা ন্যূনতম ১৮ বছর ও সর্বোচ্চ ৩২ বছর) (জ) শিক্ষাগত যোগ্যতা, (ঝ) জাতীয়তা, (ঞ) জাতীয় পরিচয়পত্র নম্বর, (ট) অভিজ্ঞতা (যদি থাকে) ও (ঠ) কোটার তথ্য ইত্যাদি উল্লেখ করতে হবে।

০৩। বয়স নির্ধারণের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

০৪। দাখিলকৃত দরখাস্তের সাথে (ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (গ) সিটি কর্পোরেশনরে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা / পৌরসভা / ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান / প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, (ঘ) জাতীয় পরিচয়পত্ররে সত্যায়তি ফটোকপ, (ঙ) জন্ম সনদের সত্যায়িত ফটোকপ, (চ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, এবং (ছ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) দাখিল করতে হবে।

চলমান-

০৫। সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবদেন করতে হবে।

০৬। দরখাস্তকারীর পূর্ণ ঠিকানা (যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে চান) ১০/- মূল্যমানের ডাকটিকেট সম্বলিত ০১ (এক) টি ফেরত খামে স্ব-হস্তে লিখিত নিজ ঠিকানা উল্লেখ পূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করে পাঠাতে হবে।

০৭। আবেদনপত্রের খামের উপর স্পষ্ট করে পদের নাম উল্লেখ করতে হবে।

০৮। অসম্পূর্ণ বা বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ / ডিএ প্রদান করা হবে না।

১০। আবেদনপত্রের সাথে প্রশাসক, বরিশাল সিটি কর্পোরেশন বরাবর ০১ নং ক্রমিকের প্রার্থীগণের ক্ষেত্রে ২০০ টাকা, ০২,০৩,০৪,০৫,০৬,০৭ও০৮ নং ক্রমিকের প্রার্থীগণের ক্ষেত্রে ১০০/- টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করে পাঠাতে হবে।

১১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। যদি কোন প্রার্থী এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নন, তবে তিনি এ নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবেন না।

১২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে বরিশাল সিটি কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০১০ অনুসরণ করা হবে।

১৩। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে, কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে যাচিত কোন যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। নিয়োগ লাভের পর যে কোন সময়ে প্রার্থী প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে উক্ত কর্মকর্তা/কর্মচারীর নিয়োগ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৪। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নবর্ণিত সকল সনদ/ অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন করতে হবে এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে (সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি, পরিচিতি নম্বর (যদি থাকে) ও দাপ্তরিক ঠিকানা উল্লিখিত সিলসহ):

ক) প্রবেশপত্র (Admit Card)
খ) সাম্প্রতিক সময়ে তোলা পাসপোর্ট সাইজের ছবি ০২ (দুই) কপি
গ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদের মূল কপি (যদি থাকে)
ঘ) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ
ঙ) জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন সনদ
চ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র
ছ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ।
জ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা, বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

১৬। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। কোন কারণ দর্শানো ব্যাতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি, পদের সংখ্যা ও শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/ সংযোজন/বিয়োজন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৮। কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

১৯। নিয়োগ পরীক্ষার তারিখ, সময়, কেন্দ্র, ফলাফল ও অন্যান্য তথ্য https://barishalcity.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

(মোঃ রেজাউল বারী)
প্রধান নির্বাহী কর্মকর্তা
বরিশাল সিটি কর্পোরেশন
ফোন: ০২৪৭৮৮৬১০৪৮
ceo.bcc.gov.bd@gmail.com

তারিখঃ ১৭ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

স্মারক নং- বিসিসি/প্র:জ:নি:নথি-১১/২৫- ৯৮৩(১০)

**অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০২। পুলিশ কমিশনার, বিএমপি, বরিশাল।
০৩। জেলা প্রশাসক, বরিশাল।
০৪। পুলিশ সুপার, বরিশাল।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরিশাল।
০৬। সচিব, বরিশাল সিটি কর্পোরেশন।
০৭। সহকারী একান্ত সচিব, মাননীয় প্রশাসক, বরিশাল সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮। জনসংযোগ কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন (০১টি বাংলা জাতীয় দৈনিক পত্রিকা এবং ০১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় প্রচারসহ বরিশাল সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রচারের জন্য)।
০৯। নোটিশ বোর্ড (বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল)।
১০। অফিস কপি।

(মোঃ রেজাউল বারী)
প্রধান নির্বাহী কর্মকর্তা
বরিশাল সিটি কর্পোরেশন
ফোন: ০২৪৭৮৮৬১০৪৮
ceo.bcc.gov.bd@gmail.com